



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২-৬৩৫

তারিখ: ২১/০৯/২০২২ খ্রি.

বিষয়: জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক নির্বাচনের জন্য আবেদনগ্রহণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক এর সাহায্যে শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হতে আগ্রহী সরকারি টিচার্স ট্রেনিং কলেজ এর শিক্ষক, মাধ্যমিক পর্যায়ে (সাধারণ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/কারিগরি শিক্ষা) পাঠদানরত শিক্ষক (যাদের পি.ডি.এস/ইনডেক্স নাম্বার রয়েছে/ স্থায়ী নিয়োগ), এ টু আই.এর ব্রান্ড অ্যান্ডাসাডার শিক্ষক, উপজেলা একাডেমিক সুপারভাইজারগণের নিকট আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করা হবে (নির্দেশিকা সংযুক্ত)। প্রশিক্ষক হতে আগ্রহী সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তাকে www.emis.gov.bd ওয়েবসাইটে NCF মডিউলে 'প্রশিক্ষকদের জন্য আবেদন ফরম' লিংকের মাধ্যমে নিম্নবর্ণিত ছকের সময়সীমা অনুযায়ী আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক নং	পর্যায়	সময়সীমা
১.	জেলা পর্যায়ের প্রশিক্ষক	২২ সেপ্টেম্বর - ২৬ সেপ্টেম্বর ২০২২
২.	উপজেলা পর্যায়ের প্রশিক্ষক	২২ সেপ্টেম্বর - ০৫ অক্টোবর ২০২২


বি:দ্র: ১. বিষয়টি অতীব জরুরি এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ / মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) তৌর প্রতিষ্ঠানের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনে সক্ষম এরূপ শিক্ষকগণকে আবেদন করার জন্য উৎসাহিত করার জন্য অনুরোধ করা হলো।

২. একজন শিক্ষক/কর্মকর্তা শুধুমাত্র একটি পর্যায়ের প্রশিক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৩. সরকারি টিচার্স ট্রেনিং কলেজের শিক্ষকগণ শুধুমাত্র জেলা পর্যায়ের প্রশিক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

সংযুক্তি:

১. প্রশিক্ষকদের জন্য আবেদন করার নির্দেশিকা


(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

বিতরণ

১. পরিচালক (সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তৌর আওতাধীন অঞ্চলে প্রচারণার অনুরোধসহ)।

২. উপ-পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তৌর আওতাধীন অঞ্চলের সকল জেলায় প্রচারণার অনুরোধসহ)।

৩. জেলা শিক্ষা অফিসার (সকল) (তৌর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ)


৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তৌর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ অনুরোধসহ)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২-৬৩৫

তারিখ: ২১/০৯/২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (অফিস আদেশটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ আকারে প্রচারের অনুরোধসহ)।
৬. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. পি এ টু পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।


২১/০৯/২০২২

(ড. নীহার পারভীন)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৪)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা